

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০৩৮

আগরতলা, ১৬ জুন, ২০ ১৮

**স্বচ্ছ প্রশাসনই একশ দিনে সরকারের
সবচেয়ে বড় সাফল্য : মুখ্যমন্ত্রী**

আজ রাজ্য পুলিশের প্রধান কার্যালয়ে ত্রিপুরা পুলিশের মোবাইল ভ্যান পরিষেবার আনুষ্ঠানিক উদ্বোধন হল। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ফ্ল্যাগ অফ করে এই পরিষেবার সূচনা করেন। এদিন ১৪টি মোবাইল ভ্যান পরিষেবার সূচনা হল। এর মধ্যে ৮টি ভ্যান আগরতলা পুরনিগম এলাকার ৮টি জোনের জন্য। বাকীগুলো জেলা গুলির জন্য।

রাজ্য পুলিশের প্রধান কার্যালয়ে এই পরিষেবার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, আমাদের সরকার রাজ্যের জনগণকে একটি স্বচ্ছ প্রশাসন দেওয়ার প্রয়াস নিয়েছে। রাজ্যে যে স্বচ্ছ প্রশাসন ব্যবস্থা গড়ে উঠছে সেটাই এই ১০০ দিনে সবচেয়ে বড় সাফল্য। মুখ্যমন্ত্রী বলেন, আজ এখানে যে পরিষেবার সূচনা হল তাতে পুলিশ-জনতার সম্পর্ক আরো নিবিড় হবে। তিনি বলেন, সরকারের মূল লক্ষ্য নারী স্বশক্তিকরণ। যে সমাজে মহিলাদের স্বশক্তিকরণ হয় না-মহিলারা সহজ ভাবে চলাফেরা করতে পারে না সেই সমাজের বিকাশ যথাযথ ভাবে হয় না। আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ‘সবকা সাথ-সবকা বিকাশ’-এর সার্থক রূপ দিতে মহিলাদের স্বশক্তিকরণে এই সরকার সবচেয়ে বেশী গুরুত্ব দিয়েছে। রাজ্য পুলিশে মহিলাদের জন্য দশ শতাংশ পদ সংরক্ষিত করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, আমাদের লক্ষ্য তিনি বছরের মধ্যে ত্রিপুরাকে একটি আদর্শ ও শক্তিশালী রাজ্য হিসেবে গড়ে তোলা। এই দিশা নিয়ে সরকার কাজ করছে। সরকার যে দিশা দেখিয়েছে রাজ্যের পুলিশ বাহিনীও সেই সঠিক দিশায় কাজ করছে। ত্রিপুরাকে নেশামুক্ত ও অপরাধমুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার জন্য সরকারের প্রয়াস ইতিমধ্যেই সাফল্য পেতে শুরু করেছে।

মুখ্যমন্ত্রী বলেন, দলীয় মানসিকতা নয় সরকার কাজ করছে রাজ্যের সব অংশের মানুষের কল্যাণে। আজ যে পরিষেবা পুলিশ বাহিনীর সাথে যুক্ত হল তা আরও আগেই হওয়া উচিত ছিল। পূর্বতন সরকার তা করেনি। আমাদের স্বচ্ছ মানসিকতা রয়েছে বলেই করতে পেরেছি। এজন্য পুলিশ প্রশাসনকে মুখ্যমন্ত্রী অভিনন্দন জানান। তিনি বলেন, এখন থেকে জনতা কোন সমস্যা বা বিপদে পড়লে ১০০ নম্বরে ডায়াল করলেই পুলিশ পৌছে যাবে জনতার কাছে। জনগণের পুলিশ জনগণের সাথে থাকবে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় মহিলাদের উপর অত্যাচার বেড়ে গিয়েছিল। রাজ্যে মহিলাদের উপর অত্যাচারের ঘটনা শুন্যে নামিয়ে আনতে প্রয়াস নেওয়া হয়েছে। ত্রিপুরাকে নেশামুক্ত ও অপরাধমুক্ত রাজ্য হিসেবে গড়ে তুলতে প্রয়াস নেওয়া হয়েছে। তিনি বলেন, সুস্থ সমাজ ব্যবস্থা গড়ে তুলতেই এসব বিষয়ে অগ্রাধিকার দেওয়া হয়েছে। আইন-শৃঙ্খলা স্বাভাবিক না থাকলে একটা রাজ্য কোন ক্ষেত্রেই উন্নত হতে পারবে না। শান্তি থাকলেই শিল্প আসবে, কর্মসংস্থান হবে। অনুষ্ঠানে রাজ্যের মুখ্য সচিব সংজীব রঞ্জন বলেন, আরক্ষা দপ্তরকে দক্ষ করে তুলতে এই প্রয়াস একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে রাজ্য পুলিশের মহা নির্দেশক এ কে শুল্কা বলেন, রাজ্য পুলিশে মোবাইল ভ্যান পরিষেবা চালু হওয়ায় পুলিশকে জনতার কাছে আরও দুর্বল নিয়ে যাবে। এই পরিষেবা ২৪ ঘণ্টার জন্য চালু থাকবে। অনুষ্ঠানে রাজ্য পুলিশের উচ্চ পদস্থ আধিকারিকগন উপস্থিত ছিলেন।
